



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ

ফোন: ০২৯৯৬৬৭২৯২৯, ০২৯৯৬৬৭৩০৩৮, মোবাইল: ০১৩০৯১১১৯৯৯

ই-মেইল: gsscollege\_mukta@yahoo.com

ওয়েবসাইট: gsscollege.gov.bd



তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক (দ্বাদশ) শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সূত্র: স্মারক নং: এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৪, তারিখ: ১০.০২.২০২৬ খ্রি.

উল্লিখিত সূত্রের আলোকে শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ-এ অধ্যয়নরত ও ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, একাদশ শ্রেণিতে যে সকল শিক্ষার্থী পিতা/মাতা জীবিত থাকা সত্ত্বেও পিতা/মাতা ব্যতীত 'অন্যান্য ব্যক্তিকে অভিভাবক' হিসাবে নির্বাচন করেছে এবং তাদের নামে 'খোলা হিসাব নম্বর'-এ উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে নির্বাচন করেছে এমন শিক্ষার্থীদের পিতা/মাতা কে অভিভাবক হিসাবে নির্বাচন এবং পিতা/মাতার নামে খোলা হিসাব নম্বরসহ তথ্য হালনাগাদকরণ করা প্রয়োজন।


- তথ্য হালনাগাদকরণের ক্ষেত্রে শিক্ষার্থীর পিতা/মাতা জীবিত থাকলে পিতা/মাতা কে অভিভাবক হিসাবে নির্বাচন এবং পিতা/মাতার নামে খোলা হিসাব নম্বর অথবা শিক্ষার্থীর নিজ নামে স্কুল ব্যাংকিং হিসাব নম্বর জমা দিতে হবে।
- পিতা ও মাতা উভয়ের মৃত্যু জনিতকারনে যদি কোন শিক্ষার্থীর 'অন্যান্য ব্যক্তিকে অভিভাবক' হিসাবে নির্বাচন করার প্রয়োজন হয়, সে ক্ষেত্রে শিক্ষার্থীর অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদি/নানা/ নানি- কে নির্বাচন করে আবশ্যিকভাবে শিক্ষার্থীর নিজ নামে স্কুল ব্যাংকিং হিসাব নম্বর জমা দিতে হবে।

সে লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিম্নবর্ণিত কাগজপত্রসহ কলেজের আইসিটি বিভাগে যোগাযোগ করতে বলা হলো।

আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত এ কার্যক্রম চলবে।

নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ অবশ্যই জমা দিতে হবে:

- শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা);
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের (অভিভাবক বলতে কেবল মাত্র পিতা ও মাতা মৃত্যু জনিতকারনে আপন ভাই/ বোন/ দাদা/দাদি/নানা/নানি) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি;
- শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/পিতা ও মাতা মৃত্যু জনিতকারনে আপন ভাই/ বোন/ দাদা/ দাদি/ নানা/ নানি) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে মোবাইল ব্যাংকিং 'নগদ' একাউন্ট নম্বর অথবা শিক্ষার্থীর নিজ নামে স্কুল ব্যাংকিং হিসাব নম্বর এবং চেকের পাতার ফটোকপি।


  
১৯.০২.২০২৬

প্রফেসর মোঃ মোস্তাফিজুর রহমান (০১০৬৬৩)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

শহীদ স্মৃতি সরকারি কলেজ

মুক্তাগাছা, ময়মনসিংহ

  
১৯/০২/২৬

আস্হায়ক

উপবৃত্তি কার্যক্রম পরিচালনা কমিটি

শহীদ স্মৃতি সরকারি কলেজ

মুক্তাগাছা, ময়মনসিংহ

**কপি বিতরণ:**

১. প্রধান সহকারী/ হিসাবরক্ষক, শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
২. নোটিশ বোর্ড, ওয়েব সাইট (<https://gsscollege.gov.bd>), শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
৩. সংরক্ষণ নথি